Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: বিপ্লবীর জয়গান

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Wed, Mar 19, 2025 at 7:10 AM
To: ucaliptas909@gmail.com

বিপ্লবীর জয়গান
তাফিফ বিন জামিল

ওড়ে বিজয়ের রক্তিম কেতন,
বজ্রমুষ্টি তোলে বিপ্লবীর দুর্জয় মন।
ছিন্ন করেছে সব শিকল বাঁধা বন্ধন,
বিদীর্ণ করেছে পাপীর ইন্ধন।

তারা হুংকারে শয়তানের বক্ষ কাঁপিয়েছে
কাঁপিয়েছে দাসত্বের মাটি,
জালিমের প্রাসাদ গুড়িয়ে দিয়েছে তারা
যা ছিলো সুন্দর পরিপাটি।

তোরা শোন, বিপ্লবী মরণে হাসে
তারা চিরদুরন্ত, তারা মৃত্যুকে ভালোবাসে,
পাপের মহাসাগরে তারা পাপীর বিনাশে মায়াজাল
তারা শাসনের যুগ ক্ষয়ে চিরদিনই আনে সুবাসিত কাল।

তারা ধ্বংসের পরে নতুন যুগ আনে
রক্তস্রোতের বন্যা ধুয়ে আলো ছড়ায় চারিদিক,
তারা অগ্নিশিখার মতো ছুটে চলে
দুঃসাহসী সুনামির মতো দিগ্বিদিক।

যেখানে অন্যায় নেমে আসে—
তারা সেখানে উঁচিয়ে ধরে শানিত তরবার,
বিপ্লবীরাই মহাকালের অপরাজেয়, চির অমর—
পৃথিবীর বুকে নেমে আসে যেনো হয়ে অবতার।

রচনাকাল: ০৫ চৈত্র, ১৪৩১।